



# অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগ

## নিউ ইয়র্ক সিটি লিঙ্গ সমতা কমিশন কী?

নিউ ইয়র্ক সিটি লিঙ্গ সমতা কমিশন (Commission on Gender Equity, CGE), মেয়রের সমতা এবং জাতিগত ন্যায়বিচার কার্যালয়ের (Mayor's Office of Equity & Racial Justice) অধীন সিটি সরকারের একটি সংস্থা যা লিঙ্গ-সমতাভিত্তিক নীতি এবং অনুশীলনের বিকাশ ও প্রাতিষ্ঠানিকীকরণের উদ্দেশ্য নিয়ে কাজ করে এবং যা মেয়ে, মহিলা, আন্তঃলিঙ্গ, ট্রান্সজেন্ডার ও প্রথাগত লিঙ্গ পরিচয়ের বাইরে থাকা (gender expansive) ব্যক্তিদেরকে বাড়িতে, স্কুলে, কর্মক্ষেত্রে এবং জন পরিসরে সহায়তা করে। CGE তার উদ্দেশ্য সম্পন্ন করতে মূলত তিনটি বিষয়ের উপর দৃষ্টি নিবদ্ধ রাখে - অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগের জন্য অনুকূল পরিবেশ তৈরি করা, স্বাস্থ্য ও প্রজনন ন্যায়বিচারকে এগিয়ে নেওয়া এবং নিরাপদ জন পরিসর, বাড়ি ও কর্মক্ষেত্র তৈরি করা।

## অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগ কী?

অর্থনৈতিক গতিশীলতা হলো কোনও ব্যক্তি, পরিবার বা সম্প্রদায়ের সময়ের সাথে সাথে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করার ক্ষমতা। শিক্ষার সুযোগ, বৈষম্যহীন ভালো কর্মসংস্থান, চাকরির ক্ষেত্রে পরিবর্তনযোগ্য সময়সূচী, পদোন্নতির সুযোগ বা ব্যবসা খোলার জন্য প্রয়োজনীয় তথ্য ও সম্পদের মাধ্যমে ব্যক্তি তার অর্থনৈতিক পরিস্থিতির উন্নয়ন সাধন এবং জীবনে উন্নতি করতে পারে।

অর্থনৈতিক সুযোগ হলো কোনও ব্যক্তি, পরিবার বা সম্প্রদায়ের জন্য শিক্ষা, কর্মসংস্থান এবং অন্যান্য তথ্য লাভের সুযোগ এবং সেখান থেকে উপকৃত হওয়ার ক্ষমতা যা তাদের শ্রেণি বা আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে অর্থনৈতিক কল্যাণে অবদান রাখে। প্রত্যেকেরই অর্থনীতিতে অংশ নেওয়ার এবং উপকৃত হওয়ার ন্যায়সঙ্গত সুযোগ প্রাপ্য।



## কিছু উপায় অবলম্বন করে CGE অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগসমূহকে এগিয়ে নিয়ে যায়

### মায়েদের জন্য মার্শাল পরিকল্পনা টাস্ক ফোর্স (সভাপতি) (MARSHALL PLAN FOR MOMS TASK FORCE "CHAIR")

এই টাস্কফোর্স নিউ ইয়র্ক সিটির কর্মজীবী মা এবং সেবাদানকারীদের কীভাবে সর্বোচ্চ সহায়তা করা যায় সে সম্পর্কে গবেষণা এবং সুপারিশমালা তৈরি করে। সরকারি কর্মসূচি, কর্মক্ষেত্রে নিয়োগকর্তাদের জন্য সর্বোত্তম অনুশীলন, মানসিক স্বাস্থ্যসহ অন্যান্য স্বাস্থ্যসেবার সুবিধাগুলি পাওয়া এবং শিশুযত্ন শিল্প ও এর কর্মীদের জন্য প্রয়োজনীয় তথ্য ও সহায়তা ইত্যাদি হলো এর মূল লক্ষ্য। CGE এই টাস্ক ফোর্সের সভাপতিত্ব করে, যার মধ্যে সিটি সরকারের অন্যান্য সংস্থা, শিশুযত্নের পক্ষে প্রচার-প্রচারণাকারী ও কর্মীবৃন্দ এবং অভিবাসীরা যে সমস্যাগুলির মুখোমুখি হন সেগুলিতে দক্ষতাসম্পন্ন ব্যক্তিবর্গসহ অন্যান্য অংশীজনরা অন্তর্ভুক্ত রয়েছে।

### বেতন সমতা বিষয়ক কেবিনেট (সহ-সভাপতি) (PAY EQUITY CABINET "CO-CHAIR")

এই কেবিনেটে জাতি ও লিঙ্গ নির্বিশেষে বেতন সমতা অর্জন এবং কাজের ক্ষেত্রে সিটি সরকারের কর্মকর্তা-কর্মচারীদের পৃথকীকরণ ব্যবস্থা মোকাবিলায় জন্য একটি রোডম্যাপ তৈরি করেছে। CGE এবং সিটি সরকারের প্রশাসনিক পরিষেবা বিভাগ (Department of Citywide Administrative Services) এই কেবিনেটে সহ-সভাপতিত্ব করে, যার মধ্যে সিটি সরকারের বিভিন্ন সংস্থা এবং অফিসের প্রতিনিধি রয়েছে।



# সিটি সরকারের যাবতীয় তথ্য ও যোগাযোগ: অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগ

## চাকরি বিষয়ক



- Workforce1: [on.nyc.gov/3TMUT76](https://on.nyc.gov/3TMUT76)
- নিউ ইয়র্ক সিটি সরকারি চাকরি: [cityjobs.nyc.gov](https://cityjobs.nyc.gov)
- সরকারি চাকরির পরীক্ষা: [nyc.gov/civilservice](https://nyc.gov/civilservice)
- সিটি সরকারের প্রশিক্ষণ কর্মসূচি: [jobready.nyc.gov/programs](https://jobready.nyc.gov/programs)

## আর্থিক সহায়তা



- বেকার ভাতা ও অন্যান্য সুবিধা: [on.nyc.gov/2J1DG65](https://on.nyc.gov/2J1DG65)
- নগদ সহায়তা: [on.nyc.gov/44MW0Hu](https://on.nyc.gov/44MW0Hu)
- ভাড়া সহায়তা: [on.nyc.gov/4bZl7uB](https://on.nyc.gov/4bZl7uB)

## শিক্ষার সুযোগ



- সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক: [cuny.edu](https://cuny.edu)
- নিউ ইয়র্ক সিটি সরকারি স্কুল: [schools.nyc.gov](https://schools.nyc.gov)
- যুব সম্প্রদায়ের জন্য কর্মসূচি: [on.nyc.gov/4c7uzxa](https://on.nyc.gov/4c7uzxa)

## আবাসন



- সাশ্রয়ী মূল্যের আবাসন: [on.nyc.gov/46GJniX](https://on.nyc.gov/46GJniX)
- Ready to Rent কর্মসূচির অধীনে আবাসন আবেদনে সহায়তা: [on.nyc.gov/49XFDuA](https://on.nyc.gov/49XFDuA)
- সহায়ক আবাসন: [on.nyc.gov/3PdQ9Gh](https://on.nyc.gov/3PdQ9Gh)

## ব্যবসা



- ক্ষুদ্র ব্যবসা পরিষেবা: [nyc.gov/sbs](https://nyc.gov/sbs)
- সংখ্যালঘু এবং মহিলা-মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (M/WBE) সনদ কর্মসূচি: [nyc.gov/mwbe](https://nyc.gov/mwbe)
- নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশন: [edc.nyc](https://edc.nyc)
- নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক সুযোগ (হ্যাঁ বোধক শহর, City of Yes): [nyc.gov/cityofyes](https://nyc.gov/cityofyes)

## আয় সহায়তা



- নিউ ইয়র্ক সিটির সুযোগ-সুবিধা: [access.nyc.gov](https://access.nyc.gov)
- MyCity পোর্টাল / শিশুযত্ন পোর্টাল: [mycity.nyc.gov](https://mycity.nyc.gov)
- খাবার প্যান্ডি / সুপে রান্নাঘর: [on.nyc.gov/3v0AJhl](https://on.nyc.gov/3v0AJhl)
- খাদ্য সহায়তা — SNAP সুবিধা: [nyc.gov/snap](https://nyc.gov/snap)
- Fair Fares — ছাড়কৃত মূল্যে মেট্রো কার্ড: [nyc.gov/fairfares](https://nyc.gov/fairfares)

## কর্মীদের অধিকার



- নিউ ইয়র্ক সিটি ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection): [on.nyc.gov/48M10hN](https://on.nyc.gov/48M10hN)

## পিতামাতা/সেবাদানকারী সম্পর্কিত তথ্য ও যোগাযোগ



- নিউ ইয়র্ক সিটি শিশুযত্ন কার্যালয়: [on.nyc.gov/3V6xKPm](https://on.nyc.gov/3V6xKPm)
- যুব ও সামাজিক উন্নয়ন বিভাগের পরিবার সহায়তা কর্মসূচি: [on.nyc.gov/49HDcNg](https://on.nyc.gov/49HDcNg)
- নিউ ইয়র্ক সিটি শিশু পরিষেবা প্রশাসন: [on.nyc.gov/3TY574T](https://on.nyc.gov/3TY574T)



এটি অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগ-সংক্রান্ত নিউ ইয়র্ক সিটির সকল কর্মসূচি, পরিষেবা বা তথ্য ও যোগাযোগের সম্পূর্ণ একটি তালিকা নয়।

## আপনি কি অন্য কিছু খুঁজছেন?

311 নম্বরে ফোন করুন এবং অর্থনীতি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সম্পর্কে জিজ্ঞাসা করুন বা [portal.311.nyc.gov](https://portal.311.nyc.gov) দেখুন।